

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের 'এ' ইউনিটে প্রথম হয়ে ইতিহাস গড়ল মহেশখালীর জাহান্তীর

ফারুক ইকবাল, নিজস্ব সংবাদদাতা, মহেশখালী

প্রকাশিত: ২২:৫৯, ২৫ এপ্রিল ২০২৫; আপডেট: ২২:৫৯, ২৫ এপ্রিল ২০২৫



অসাধারণ কৃতিত্বের স্বাক্ষর রেখেছে মহেশখালীর এক মেধাবী শিক্ষার্থী—বোরহান উদ্দিন খাঁন জাহাঙ্গীর। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষায় সর্বোচ্চ ৮৭.৭৫ নম্বর পেয়ে সে প্রথম স্থান অধিকার করেছে। তার এই সাফল্যে গর্বিত পুরো মহেশখালীবাসী।



জাহাঙ্গীরের বাড়ি কক্ষবাজার জেলার মহেশখালীর ৬নং কালারমারছড়া ইউনিয়নে। পিতা মো: ফরিদুল আলম একজন পল্লী চিকিৎসক এবং মাতা মাসুকা বেগম গৃহিণী। চার ভাইবোনের মধ্যে সে দ্বিতীয়। ছোটবেলা থেকেই পড়ালেখায় মনোযোগী জাহাঙ্গীর ২০২২ সালে এসএসসি পাস করে কালারমারছড়া উচ্চ বিদ্যালয় থেকে এবং ২০২৪ সালে এইচএসসি সম্পন্ন করে চট্টগ্রামের সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ থেকে।



পরিশ্রম, অধ্যবসায় আর পারিবারিক অনুপ্রেরণাই তার এই সাফল্যের পেছনে মূল চালিকাশক্তি। কঠোর প্রস্তুতি আর অদম্য ইচ্ছাশক্তির মাধ্যমে সে প্রমাণ করেছে, সুযোগ আর চেষ্টা থাকলে মফস্বলের শিক্ষার্থীরাও দেশসেরা হতে পারে।

তার এই অসামান্য সাফল্যে শিক্ষক, অভিভাবক, সহপাঠীসহ পুরো মহেশখালী জুড়ে আনন্দের বন্যা বইছে। ভবিষ্যতে জাহাঙ্গীর যেন দেশের একজন গর্বিত নাগরিক হয়ে

সমাজ ও রাষ্ট্রের কল্যাণে ভূমিকা রাখতে পারে—এটাই সবার প্রত্যাশা।
